

# ‘জাকসুতে ভোট কারচুপির প্রমাণ করতে পারলে চাকরি ছেড়ে দেব’

জাবি প্রতিনিধি

১৩ সেপ্টেম্বর ২০২৫, ০১:৫৩ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনে কোনো কারচুপি হয়নি বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান।

আজ শনিবার বেলা পৌনে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মোহাম্মদ মনিরুজ্জামান এ কথা বলেন।

প্রধান নির্বাচন কমিশনার বলেন, ‘জাকসুতে কোনো ভোট কারচুপি কিংবা জালভোটের মতো ঘটনা প্রমাণ করতে পারলে চাকরি ছেড়ে দেব। পেনশনের টাকাও নেব না।’

ড. মোহাম্মদ মনিরুজ্জামান বলেন, কতিপয় বর্জনকারী ছাড়া কেউই বলবে না কারচুপি হয়েছে।

জাকসু নির্বাচনের ফল আজ সন্ধ্যা ৭টায় ঘোষণা হবে জানিয়ে প্রধান নির্বাচন কমিশনার বলেন, ভোট গণনা ২টায় শেষ হলেও ফল ঘোষণা করতে সন্ধ্যা ৭টা বেজে যাবে। ফল প্রস্তুত করতে সময় প্রয়োজন।

প্রসঙ্গত, গত ১১ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণের সময় ছিল। কয়েকটি কেন্দ্রে ভোট স্থগিত করায় ভোটগ্রহণ কিছুটা পিছিয়ে যায়। এরপর শুরু হয় ভোট গণনা। তবে তিন দিনেও ভোট গণনা শেষ করতে পারেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ নিয়ে ব্যাপক সমালোচনার মুখে পড়তে হয়েছে তাদের।

প্রসঙ্গত, অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ তুলে গত ১১ সেপ্টেম্বর ভোটগ্রহণের শেষ পর্যায়ে এসে জাকসু নির্বাচন বর্জনের ঘোষণা দেয় ছাত্রদল।